

আত্মেষা

অভিজিৎ দত্ত

তোমাদের বাড়ির কাছে
যেতে চেয়েছে আমাদের বাড়ি ।

তোমাদের বাড়ির গল্লে
আমাদের বাড়ির গল্ল মিশে গেছে ।

বাড়ির লাগোয়া শিউলিগাছ
তুলসীমঞ্চ, ধানের গোলা, হরিমন্দির
আলোছায়ার ভেতর গুটিগুটি হেঁটে চলেছে
তোমাদের বাড়ির দিকে ।

পালকির ছড়া মুখস্ত বলতে বলতে চলেছে বাল্যকাল
কান্না ও স্নান— দুরকম বৃষ্টিপাত সেও চলেছে
অন্ধকার কানাগলি থেকে উঁকি দিচ্ছে স্মৃতি
ছোটো ছোটো শূন্যতার টেউ
আর আমার অবসাদের ভেতর পাতা ঝরে যায়

স্বপ্নদেশ

অমিত দাশ

ঘুণি ঝড়ের পর মাঝ আকাশে চাঁদ উঠে এল
ভোর হয়েছে ভেবে যে ছানাপাখিটি ডেকে ওঠে
তার দিকে এগিয়ে দেব শস্যময় পৃথিবী

চাঁদের পালকি থামিয়ে দেখে নেব কনে বৌ
অনেক দূরে সেই বৃষ্টি দেশ, সেখানে যাব
জুই, টগর, চাঁপা কিংবা মল্লিকার পাশে
কোনো ফুল হয়ে ফুটবো

স্বপ্ন রঙের প্রজাপতিরা সব উড়ে এসে বসবে
আমাদের ছেলে - মেরেদের গায়ে